

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২১/০৩/২০২২ খ্রি.

২০১৯ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার (নতুন সিলেবাস) ফরম পূরণ বিজ্ঞপ্তি

২০১৯ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় (নতুন সিলেবাস) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের জন্য ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। পরীক্ষার্থীকে আবেদন ফরম ডাউনলোড করার পর প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট বিভাগে জমাদান পূর্বক ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য, ইনকোর্স নম্বর **Online-এ** এন্ট্রি ব্যতীত ফরম পূরণের সুযোগ নেই বিধায় প্রত্যেক পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

শর্তাবলী:

১। ফরম পূরণ ও জমা দেয়ার তারিখ:

(ক) ফরমের প্রিন্টকপি নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ : ১০/০৪/২০২২ খ্রি.

২। প্রয়োজনীয় কাগজপত্র:

(ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

(খ) প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১কপি ফরমের সাথে জমা দিতে হবে।

৩। অংশগ্রহণের যোগ্যতা:

(ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা ২০১৯ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্র/কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা এ পরীক্ষায় সকল পত্র/কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

(ঘ) ২০১৮ সালের পরীক্ষায় C ও D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেডউন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ ২টি পত্র/কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

(ঙ) ২০১৮ সালের পরীক্ষায় যেসব শিক্ষার্থী CGPA- ২.৫ বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা এ পরীক্ষায় শুধুমাত্র C ও D গ্রেড প্রাপ্ত কোর্সের সর্বোচ্চ ২টি পত্র/কোর্সে গ্রেডউন্নয়ন বা CGPA উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, ইনকোর্স/টার্মপেপার/মৌখিক পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে।

৪। ফি এর বিবরণ:

প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়	কলেজ			মোট
	পরীক্ষার ফি	কেন্দ্র ফি	ব্যবস্থাপনা	মৌখিক	
নিয়মিত/অনিয়মিত	নির্ধারিত- ২৬৫০	৪৫০	৫০	১৭৫	৩,৩২৫/-
প্রাইভেট	নির্ধারিত- ২৬৫০	৪৫০	৫০	২৫০	৩,৪০০/-
গ্রেডউন্নয়ন	১পত্র- ২৫০	৪৫০	৫০	--	৭৫০/-
	২পত্র- ৫০০	৪৫০	৫০	--	১,০০০
শুধু মৌখিক	নির্ধারিত- ১,০০০	৪৫০	৫০	২৫০	১,৭৫০/-

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।